Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 17 April, 2025

প্রয়োজনীয় সংস্কার ও গুরুত্বপূর্ণ শর্তগুলো পূরণ না হলে নির্বাচনের তারিখ মার্চ-ফেব্রুয়ারি কোনো কিছুই ঠিক থাকবে না বলে জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ইউরোপ সফর শেষে রাজধানীর ওয়েস্টিন হোটেলে সাংবাদিক সম্মেলনে এসব তথ্য জানান তিনি।

জামায়াত আমির বলেন, জাতীয় নির্বাচনের তারিখ নিয়ে আমরা কাট অফ লাইন বলছি না। ৪১টি সংস্কারের প্রস্তাব দিয়েছি, এর মধ্যে মাত্র ৬টি বাস্তবায়নের উপর জোর দিয়েছি। ইউরোপের প্রতিনিধিরা জানতে চেয়েছে নির্বাচন কখন হবে, কীভাবে হবে-জবাবে আমরা বলেছি, দৃশ্যমান ও গ্রহণ যোগ্য মৌলিক সংস্কার, জুলাই অভ্যুত্থানের খুনিদের দৃশ্যমান বিচার এবং ৩. রাজনৈতিক দলগুলো পরস্পরকে সম্মানের পরিবেশ সৃষ্টি হতে হবে।

তিনি বলেন, রাজনৈতিক দলগুলো সংস্কারের যতো তাড়াতাড়ি সহযোগিতা করবে তত তাড়াতাড়ি নির্বাচন অনুষ্ঠিত হবে।যদি এমন না হয়, তাহলে নির্বাচন অনিশ্চিত হয়ে পড়বে।দায় নিতে হবে রাজনৈতিক দলগুলোকে। প্রধান উপদেষ্টা জানিয়েছেন জুনের মধ্যে নির্বাচন হবে, আমরা মনে করি সংস্কারের জন্য এ সময়টা গুরুত্বপূর্ণ। তবে তা যেন অতিক্রম না হয়।

ডা. শফিকুর রহমান বলেন, ইইউ'র অধিকাংশ দেশ তারা পিআর সিস্টেমে রাজনীতি করে থাকে। তাদের সাথে এসব বিষয়ে আলোচনা হয়েছে। আগামী নির্বাচন যাতে সুষ্ঠ হয় এসব বিষয় উঠে এসেছে। জাতীয় স্বার্থে দল মত নির্বিশেষে সবাইকে এক থাকতে হবে। অনুরোধ জানিয়েছি তারা যেন আমাদের দেশে এসে ইনভেস্ট করে।তাহলে উভয় পক্ষ লাভবান হবো।

তিন বলেন, সবগুলো দেশের মিশন যেন আমাদের দেশে করা হয়, সে বিষয়টি অনুরোধ করেছি। স্কিল ডেভলপমেন্টের মাধ্যমে জনসংখ্যাকে জনশক্তিতে রুপান্তর করা সম্ভব। এসব বিষয়ে আলোচনা হয়েছে।আমাদের দেশের রোহিঙ্গা সমস্যা নিয়ে আলোচনা হয়েছে।তাদেরকে সম্মানের সাথে ফিরিয়ে দিতে হবে। যা ইউরোপের দেশের সহযোগীতা ছাড়া বাংলাদেশ একা পারবে না।

বাংলাদেশ জামায়াতে ইসলামী জাতীয় নির্বাচন রাজনৈতিক দল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:41

URL: https://timestodaybd.com/public/bangladesh/965460637